গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৩.১৮-১১০৮ তারিখ: ০১/০৩/১৮

বিষয়: বাংলাদেশ, ভারত ও শ্রীলংকা দলের মধ্যে অনুষ্ঠেয় ত্রিদেশীয় আন্তর্জাতিক টি-২০ ক্রিকেট সিরিজ নিদাহাস ট্রফি ২০১৮ এর ম্যাচসমূহের চলতি ধারাবিবরণী সরাসরি সম্প্রচার।

আগামী ০৬ মার্চ থেকে ১৮ মার্চ ২০১৮ পর্যন্ত শ্রীলংকার প্রেমাদাসা স্টেডিয়ামে বাংলাদেশ, ভারত ও শ্রীলংকা দলের মধ্যে ত্রিদেশীয় আন্তর্জাতিক টি-২০ ক্রিকেট সিরিজ নিদাহাস ট্রফি ২০১৮ অনুষ্ঠিত হবে। উক্ত ক্রিকেট সিরিজে অনুষ্ঠেয় ম্যাচসমূহের চলতি ধারাবিবরণী টেলিভিশন মনিটর দেখে বাংলাদেশ বেতার থেকে নিম্নবর্ণিত তারিখ, সময় ও ফ্রিকোয়েন্সি অনুযায়ী সরাসরি সম্প্রচার/রীলে হবে।

তারিখ	বাংলাদেশ সময়	ম্যাচ	কেন্দ্র/ইউনিট/ফ্রিকোয়েন্সি
০৬/০৩/২০১৮	সন্ধ্যা ৭টা ৩০মি. থেকে খেলা চলাকালীন	**১ম টি-২০ ম্যাচ ভারত বনাম শ্রীলংকা**	বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার ৬৩০ কি.হা. ও ১০৪.০ মে.হা., ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ৮৮.৮ মে.হা., বাংলাদেশ বেতার চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও সিলেট ৮৮.৮ মে.হা., বরিশাল ১০৫.২ মে.হা., ঠাকুরগাঁও ৯২.০ মে.হা., বান্দরবান ১০৪.০ মে.হা., কুমিল্লা ১০৩.৬ মে.হা, রাঙামাটি ১০৩.২ মে.হা., কক্সবাজার ১০০.৮ মে.হা., নওয়াপাড়া, যশোর ১০০.৮ মে.হা.
০৮/০৩/২০১৮	সন্ধ্যা ৭টা ৩০মি. থেকে খেলা চলাকালীন	**২য় টি-২০ ম্যাচ বাংলাদেশ বনাম ভারত**	ঐ
১০/০৩/২০১৮	সন্ধ্যা ৭টা ৩০মি. থেকে খেলা চলাকালীন	**৩য় টি-২০ ম্যাচ বাংলাদেশ বনাম শ্রীলংকা**	ঐ
১২/০৩/২০১৮	সন্ধ্যা ৭টা ৩০মি. থেকে খেলা চলাকালীন	**৪র্থ টি-২০ ম্যাচ ভারত বনাম শ্রীলংকা**	ঐ
১৪/০৩/২০১৮	সন্ধ্যা ৭টা ৩০মি. থেকে খেলা চলাকালীন	**৫ম টি-২০ ম্যাচ বাংলাদেশ বনাম ভারত**	ঐ
১৬/০৩/২০১৮	সন্ধ্যা ৭টা ৩০মি. থেকে খেলা চলাকালীন	**৬ষ্ঠ টি-২০ ম্যাচ বাংলাদেশ বনাম শ্রীলংকা**	ঐ
১৮/০৩/২০১৮	সন্ধ্যা ৭টা ৩০মি. থেকে খেলা চলাকালীন	**ফাইনাল**	ঐ

২। খেলার সময়সূচিতে কোনরূপ পরিবর্তন হলে **পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম** বিসিবি/বর্ণিত ক্রিকেট সিরিজের আয়োজক কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে খেলা প্রচার নিশ্চিত করবেন এবং তিনি বা তাঁর প্রতিনিধি সময়সূচি পরিবর্তনের বিষয়ে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, সংশ্লিষ্ট সকল আঞ্চলিক পরিচালক ও আঞ্চলিক প্রকৌশলী-কে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন।

৩। **উল্লিখিত খেলা প্রচারের জন্য মধ্যম তরঙ্গ ৬৩০ কি.হা. ও এফ.এম ১০৪.০ মে.হা. ট্রান্সমিটার দুটি সন্ধ্যা ৭টায় বিরত না হয়ে খেলা প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে** এবং সংশ্লিষ্ট অন্যান্য ট্রান্সমিটারগুলো চালু না থাকলে খেলা শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে খেলা প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৪। **খেলা প্রচারকালীন সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সির পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে। তবে সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সিতে বিবিসি ও এনএইচকের অনুষ্ঠান যথারীতি প্রচার হবে। বিবিসি ও এনএইচকের অনুষ্ঠান চলাকালীন আঞ্চলিক কেন্দ্রসমূহের বিকল্প এফ.এম ফ্রিকোয়েন্সিতে (যদি থাকে) খেলা প্রচার হবে।**

৫। **খেলা প্রচারের দিন এফ.এম ৯৭.৬ মে.হা.-এ ঢাকা কেন্দ্রের বিনোদনমূলক অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে। এক্ষেত্রে উল্লিখিত দিনে মধ্যম তরঙ্গ ৮১৯ কি.হা. ও এফ.এম এফ.এম ৯৭.৬ মে.হা-এ সন্ধ্যা ৭টার পর ঢাকা-খ এর অনুষ্ঠান প্রচার হবে।**

৬। উল্লিখিত খেলার ধারাবিবরণী সম্প্রচারের জন্য **সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক প্রকৌশলী, পুরাতন প্রচার ভবন** প্রয়োজনীয় প্রকৌশলগত বিষয়ে লোকবল ও সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং **জাতীয় বেতার ভবনের প্রধান নিয়ন্ত্রণ কক্ষে বা সুবিধাজনক স্থানে ডিস সংযোগসহ ০১ (এক) টি টেলিভিশন মনিটর এবং ইন্টারনেট সুবিধাসহ কম্পিউটার সুবিধা দিয়ে খেলা সম্প্রচার বুথের ব্যবস্থা গ্রহণ করবেন;** তাছাড়া বাংলাদেশ বেতারের সংশ্লিষ্ট সকল কেন্দ্র থেকে একযোগে নিরবিচ্ছিন্নভাবে খেলার ধারাবিবরণী রীলের জন্য সকল প্রকার প্রকৌশল ব্যবস্থা গ্রহণ, সংশ্লিষ্ট আঞ্চলিক প্রকৌশলীগণের সাথে নিবিড়ভাবে যোগাযোগ এবং উল্লিখিত ফ্রিকোয়েন্সিগুলো থেকে খেলা সুষ্ঠুভাবে প্রচার হচ্ছে কিনা-তা মনিটর করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৭। উল্লিখিত ম্যাচের ধারাবিবরণী প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর-আঞ্চলিক কেন্দ্রসমূহ থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত (প্রয়োজনে) টেলিফোন লাইন বুক (সংশ্লিষ্ট তারিখ অনুযায়ি) করবেন। আঞ্চলিক কেন্দ্রসমূহ থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত সংযুক্ত টেলিফোন লাইনের ব্যয়ভার স্ব স্ব আঞ্চলিক পরিচালক বহন করবেন।

৮। **পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম উক্ত খেলার জন্য স্পন্সর/বিজ্ঞাপন সংগ্রহ করবেন।** এছাড়াও তিনি খেলা সম্প্রচারের সাথে সম্পর্কিত ধারাভাষ্যকারদের বুকিং ও দায়িত্ব প্রদান এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন।

৯। খেলা সম্প্রচারে সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য **আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা একজন উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী পরিচালক-কে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদানসহ বাণিজ্যিক কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে-কে** প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১০। খেলা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী-ধারাভাষ্যকারদের খেলা শুরুর ২(দুই) ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট স্টুডিওতে উপস্থিত থাকবেন।

১১। খেলার ধারাবিবরণী অধিক জনপ্রিয় করার লক্ষ্যে পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম এবং সংশ্লিষ্ট পরিচালক/আঞ্চলিক পরিচালকগণ স্ব স্ব কেন্দ্র/ইউনিটের নিজস্ব ফ্রিকোয়েন্সি উল্লেখপূর্বক প্রমো, ঘোষণা নিজস্ব চ্যানেলে এবং ফেসবুক পেইজে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। খেলার ধারাবিবরণী যথাযথভাবে রীলে হচ্ছে কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট পরিচালক/আঞ্চলিক পরিচালকগণ ও স্টেশন প্রকৌশলী/আঞ্চলিক প্রকৌশলীগণ স্ব স্ব ক্ষেত্রে মনিটরিংপূর্বক সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম ঢাকার সাথে প্রয়োজনীয় সমন্বয় করে খেলাগুলো সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন এবং **সংশ্লিষ্ট পরিচালক/আঞ্চলিক পরিচালকগণ খেলা প্রচারের প্রতিবেদন** সদর দপ্তরে প্রেরণ করবেন।

১৩। উল্লিখিত খেলার ধারাবিবরণী যথাযথভাবে প্রচারের জন্য পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এবং আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকার নিকট পূর্বাহ্নে খেলা/বিজ্ঞাপনের কিউশিট সরবরাহ নিশ্চিত করবেন।

১৪। উল্লিখিত ক্রিকেট ম্যাচের ওপর প্রতিবেদন জাতীয় ও স্থানীয় সংবাদে প্রচারের জন্য যথাক্রমে পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা এবং সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-বার্তা নিয়ন্ত্রকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম উল্লিখিত টুর্নামেন্ট থেকে বিজ্ঞাপন আয়ের তথ্যাদি ও টুর্নামেন্টের ম্যাচসমূহের প্রচার প্রতিবেদন সদর দপ্তরের অনুষ্ঠান শাখায় টুর্নামেন্ট শেষ হবার ০১ (এক) সপ্তাহের মধ্যে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৬। পরিচালক, লিয়াজোঁ, সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(সালাহউদ্দিন আহমেদ)
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান
ফোনঃ ০২-৪৪৮১৩০৬৭
মহাপরিচালকের পক্ষে।

<u>বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-</u>

১। উপ-মহাপরিচালক, বার্তা/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, আগারগাঁও, ঢাকা।
৩। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৪। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর **(দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২/৩, সাভার, ঢাকা/ নওয়াপাড়া, যশোর।
৫। আঞ্চলিক পরিচালক/প্রকৌশলী/বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/বরিশাল/ঠাকুরগাঁও/কুমিল্লা/ বান্দরবান/কক্সবাজার/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম/পুরাতন প্রচার ভবন, শাহবাগ, ঢাকা।
৬। আঞ্চলিক প্রকৌশলী/স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া।
৭। উপ-বার্তা নিয়ন্ত্রক/উপ-আঞ্চলিক প্রকৌশলী, বরিশাল/ঠাকুরগাঁও/বান্দরবান/কক্সবাজার/কেন্দ্রীয় ভান্ডার, পাহাড়তলী, চট্টগ্রাম।